# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৫০৪

৬/ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/২৪. জানাযার সালাতে চার তাকবীর বলা।

. بَاب مَا جَاءَ فِي التَّكْبِيرِ عَلَى الْجِنَازَةِ أَرْبَعًا

---

আরবী

ـ حَدَّثَنَا أَبُو هِشَامٍ الرِّفَاعِيُّ وَمُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ وَأَبُو بَكْرِ بْنُ خَلاَّدٍ قَالُوا حَدَّثَنَا يَحْيَى بْنُ الْيَمَانِ عَنِ الْمِنْهَالِ بْنِ خَلِيفَةَ عَنْ حَجَّاجٍ عَنْ عَطَاءٍ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَبَّرَ أَرْبَعًا

বাংলা

৩/১৫০৪। ইবনু ’আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চার তাকবীর বলেন।

## English

It was narrated from Ibn ‘Abbas that the Prophet (ﷺ) said Takbir four times.

ফুটনোট

আহকাম ১১১।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবু হিশাম আর রাফাঈ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, আমি তার মাঝে কোন সমস্যা দেখি না। ইবনু হিব্বান তাকে সিকাহ বললেও অন্যত্রে বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন ও সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। ইমাম বুখারী বলেন, তার দুর্বলতার ব্যাপারে সকল হাদিস বিশারদগণকে একমত দেখেছি। ইমাম নাসাঈ তাকে দুর্বল বলেছেন। ২. মিনহাল বিন খালিফাহ সম্পর্কে বাযযার সিকাহ বললেও ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি দুর্বল। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। ইমাম নাসাঈ তাকে দুর্বল বলেছেন। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23044

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন